# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২১৩২

পর্ব-৮: কুরআনের মর্যাদা (كتاب فضائل القرآن)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ

## اَلْفَصْلُ الْأَوَّلُ

আরবী

وَعَنْ عَائِشَةَ: أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ إِذَا أَوَى إِلَى فِرَاشِهِ كُلَّ لَيْلَةٍ جَمَعَ كَفَّيْهِ ثُمَّ نَفَثَ فِيهِمَا فَقَرَأَ فيهمَا (قل هُوَ الله أحد)
و (قل أعوذ بِرَبّ الفلق)
و (قل أَعُوذُ بِرَبِّ النَّاس)
ثُمَّ يَمْسَحُ بِهِمَا مَا اسْتَطَاعَ مِنْ جَسَدِهِ يَبْدَأُ بِهِمَا عَلَى رَأْسِهِ وَوَجْهِهِ وَمَا أَقْبَلَ مِنْ جَسَدِهِ يَفْعَلُ ذَلِك ثَلَاث مَرَّات
وَسَنَذْكُرُ حَدِيثَ ابْنِ مَسْعُودٍ: لَمَّا أُسْرِيَ بِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي بَابِ الْمِعْرَاج إِن شَاءَ الله تَعَالَى

বাংলা

২১৩২-[২৪] ’আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম প্রতি রাতে (ঘুমাবার জন্য) বিছানায় যাবার সময় দু’ হাতের তালু একত্র করতেন। তারপর এতে ’কুল হুওয়াল্ল-হু আহাদ, কুল আ’ঊযু বিরাব্বিল ফালাক ও কুল আ’ঊযু বিরাব্বিন্না-স’ পড়ে ফুঁ দিতেন। এরপর এ দু’ হাত দিয়ে তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) তাঁর শরীরের যতটুকু সম্ভব হত মুছে নিতেন। শুরু করতেন মাথা, চেহারা এবং শরীরের সম্মুখ ভাগ হতে। এভাবে তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) তিনবার করতেন। (বুখারী, মুসলিম।)

ইবনু মাস্’ঊদ-এর হাদীস(لَمَّا أُسْرِىَ بِرَسُولِ اللّٰهِ ﷺ) ’’যখন রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে [স্বশরীরে] রাতে সফর করানো হয়েছে’’ আমরা ’মি’রাজ’ অধ্যায়ে অচিরেই বর্ণনা করব [ইনশাআল্লাহ]।)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ৫০১৭, মুসলিম ২৭১৫, আবূ দাঊদ ৫০৫৬, তিরমিযী ৩৪০২, মু‘জামুল আওসাত লিত্ব ত্ববারানী ৫০৭৯, সহীহ ইবনু হিব্বান ৫৫৪৪, আল কালিমুত্ব ত্বইয়্যিব ৩০, সহীহাহ্ ৩১০৪।

ব্যাখ্যা

ব্যাখ্যা: রাতে শয়নকালে নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তিনটি সূরা পড়ে দু’ হাতের অঞ্জলিতে ফুঁ দিয়ে তা দ্বারা সমস্ত শরীর যতটুকু সম্ভব মুছে ফেলতেন। এতে শরীর বন্ধ হয়ে যেত এবং সৃষ্টির অনিষ্টতা থেকে বিশেষ করে রাতের নানা ফিতনা থেকে তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) নিরাপদে থাকতেন। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) শরীরে অসুস্থতাবোধ করলেও এ সূরাগুলো পড়ে শরীর মুছে ফেলতেন, জীবনের শেষ মুহূর্তগুলোতে তিনি এ ‘আমল করেছেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56692

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন